

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
ফ্যাক্স: ০২-৪১০৩০০৪৯, ওয়েবসাইট: www.ntrca.gov.bd
ই-মেইল: office@ntrca.gov.bd

স্মারক নম্বর: বেশিনিক/পমুপ্র/ফলাফল/৩৬০(অংশ-১)/২০১২/৯৪০

তারিখ: ১৫ জানুয়ারি, ২০২০ খ্রি.

বিজ্ঞপ্তি

বিষয়: পঞ্চদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০১৮ এর লিখিত ও মৌখিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে উত্তীর্ণ প্রার্থীদের চূড়ান্ত ফলাফল সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) কর্তৃক বিগত ২৬ ও ২৭ জুলাই, ২০১৯ তারিখে গৃহীত পঞ্চদশ শিক্ষক নিবন্ধন লিখিত পরীক্ষায় ১৩৩৪৫ জন প্রার্থী উত্তীর্ণ হন। উত্তীর্ণ প্রার্থীদের মধ্যে স্কুল-২ পর্যায়ে ৭৪১ জন, স্কুল পর্যায়ে ১০৫৭৯ জন এবং কলেজ পর্যায়ে ১৫৮১ জনসহ মোট ১২৯০১ জন মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করেন। লিখিত ও মৌখিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে উত্তীর্ণ প্রার্থীদের চূড়ান্ত ফলাফল অদ্য ১৫ জানুয়ারি, ২০২০ তারিখ বেলা ০২:৩০ টায় আনুষ্ঠানিকভাবে প্রকাশ করা হয়।

স্কুল-২ পর্যায়ে ৬১১ জন, স্কুল পর্যায়ে ৯০৬৩ জন এবং কলেজ পর্যায়ে ১৪৫৬ জন প্রার্থী উত্তীর্ণ হয়েছেন। চূড়ান্তভাবে সর্বমোট ১১১৩০ জন প্রার্থী পঞ্চদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন। সার্বিক পাসের হার ৮৩.৪০। উল্লেখ্য, পঞ্চদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষায় স্কুল-২ পর্যায়ে ২২টি, স্কুল পর্যায়ে ২৫টি এবং কলেজ পর্যায়ে ৫১টি সহ সর্বমোট ৯৮টি বিষয়ে পরীক্ষা গ্রহণ করা হয়।

প্রার্থীগণ পরীক্ষার ফলাফল <http://ntrca.gov.bd> এবং <http://ntrca.teletalk.com.bd> ওয়েবসাইট থেকে সন্ধ্যা ০৬:০০ টার পর জানতে পারবেন। তাছাড়াও টেলিটক বিডি লিঃ কর্তৃক কৃতকার্য প্রার্থীদের ফলাফল SMS-এর মাধ্যমে জানিয়ে দেওয়া হবে।



(এস এম আশফাক হসেন)

চেয়ারম্যান

এনটিআরসিএ, ঢাকা

ফোন: ৪১০৩০০৪৩

ই-মেইল: chairman@ntrca.gov.bd

অনুলিপি সদয় অবগতির জন্য:

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাননীয় মন্ত্রীর দপ্তর, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় বহল প্রচারের অনুরোধসহ)।
৩. সিস্টেম এনালিস্ট, এনটিআরসিএ (বিজ্ঞপ্তিটি এনটিআরসিএ'র ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।